তারিখ 28 DEC 1985
পৃষ্ঠা 7 কলাম 1

দৈনিক বাংলা

002

# নয়া বিচারপতিদের সংক্ষিপ্ত জীবনী

বিচারপতি এম এইচ রহমান মুর্শিদাবাদের বিশিষ্ট আইনজীবী মরহুম মৌলবী জহিরুদ্দিন বিশ্বাসের পুত্র। জনাব রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন ছিলেন। খবর তথ্য দফতরের প্রেস বিজ্ঞপ্তির।

জনাব রহমান ১৯৬৪ সালে ঢাকা হাইকোর্টে যোগদান করেন। তিনি ১৯৭৬ সালে হাইকোর্ট বেঞ্চের বিচারপতি হন। তিনি যথাশব্দ নামক একটি বইয়ের সংকলক। তার পবিত্র কোরানে উল্লিখিত বিভিন্ন বিষয় ও ব্যক্তির বর্ণনামূলক বর্ণানুক্রমিক একটি বাংলা বইও রয়েছে। রবীন্দ্রনাথের ওপরও তার দুটি বই রয়েছে। তিনি ১৯৮৪ সালে বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার পান।

তিনি ১৯৮৫ সালের ২৬শে ডিসেম্বর সুপ্রীম কোর্টের আপীল ডিভিশনের বিচারপতি হিসাবে শপথ নেন।

**বিচারপতি আফজাল**

বিচারপতি এটিএম আফজাল দিনাজপুরের মরহুম এডভোকেট তাজাম্মুদ্দিন আহমদের পুত্র। তিনি ১৯৩৪ সালের পয়লা জুন জন্মগ্রহণ করেন।

তিনি ১৯৬১ সালে হাইকোর্টে যোগ দেন ও ১৯৭৪ সালে ডেপুটি এটর্নি জেনারেল নিযুক্ত হন। ১৯৭৭ সালে হাইকোর্টের বিচারপতি নিযুক্ত হন ও গত ২৬শে ডিসেম্বর আপীল ডিভিশনের বিচারপতি হিসাবে শপথ নেন।

**বিচারপতি নূরুল হক**

বিচারপতি নূরুল হক ভুঁইয়া ১৯২৫ সালে জন্মগ্রহণ করেন। ১৯৫০ সালে এমএ ও ১৯৫৪ সালে এলএলবি পাস করেন। ১৯৫৫ সালে ঢাকা হাইকোর্টে যোগ দেন।

হাইকোর্ট ডিভিশনের অতিরিক্ত বিচারপতি জনাব ভুঁইয়া গত ২৬শে ডিসেম্বর একই ডিভিশনের বিচারপতি হিসাবে শপথ নিয়েছেন।

**মিসবাহউদ্দিন হোসেন**

বিচারপতি সৈয়দ মিসবাহউদ্দিন হোসেন ১৯২৭ সালে সিলেটে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫৫ সালে জুডিসিয়াল সার্ভিসে যোগ দেন।

জনাব হোসেন ১৯৮৩ সালের ডিসেম্বরে হাইকোর্ট ডিভিশনের অতিরিক্ত বিচারপতি নিযুক্ত হন ও গত ২৬শে ডিসেম্বর বিচারপতি হিসাবে শপথ নেন।

**মোহাম্মদ সোহরাব আলী**

বিচারপতি মোহাম্মদ সোহরাব আলী ১৯২৮ সালে জন্মগ্রহণ করেন। তিনি কলকাতা ও লন্ডনে শিক্ষালাভ করেন।

হাইকোর্ট ডিভিসনের অতিরিক্ত বিচারপতি জনাব সোহরাব আলী গত ২৬শে ডিসেম্বর একই ডিভিসনের বিচারপতি হিসাবে শপথ নেন।

**ইসমাইলুদ্দীন সরকার**

বিচারপতি মোহাম্মদ ইসমাইলুদ্দীন সরকার ১৯৩১ সালে জন্মগ্রহণ করেন।

তিনি ১৯৫৯ সালে ঢাকা হাইকোর্টে ও ১৯৬৬ সালে সুপ্রীম কোর্টে এডভোকেট হিসাবে যোগ দেন।

হাইকোর্ট ডিভিসনের অতিরিক্ত বিচারপতি জনাব সরকার গত ২৬শে ডিসেম্বর একই ডিভিসনের বিচারপতি হিসাবে শপথ নেন।

**সৈয়দ ফজলে আহমদ**

বিচারপতি সৈয়দ ফজলে আহমদ ১৯২৯ সালে জন্মগ্রহণ করেন। তিনি আলীগড় বিশ্ববিদ্যালয় থেকে এমএ, এলএলবি ডিগ্রী লাভ করেন।

কর আপীল ট্রাইব্যুনালের প্রেসিডেন্ট জনাব আহমদ গত ২৬শে ডিসেম্বর হাইকোর্ট ডিভিসনের অতিরিক্ত বিচারপতি হিসাবে শপথ নেন।

**মাহমুদুর রহমান**

বিচারপতি এ এম মাহমুদুর রহমান ১৯৩৫ সালে জন্মগ্রহণ করেন। তিনি যশোরের মীর্জাপুর গ্রামের মৌলবী এম ফজলুর রহমানের পুত্র।

কৃতী ছাত্র জনাব মাহমুদুর রহমান ১৯৫৭ সালে এম এ ও ১৯৬২ সালে এলএলবি পাস করেন। ১৯৬৩ সালে ঢাকা হাইকোর্টে যোগ দেন।

সুপ্রীম কোর্টের এডভোকেট জনাব মাহমুদুর রহমান গত ২৬শে ডিসেম্বর হাইকোর্ট ডিভিসনের অতিরিক্ত বিচারপতি হিসাবে শপথ নেন।